দৈনিক সংবাদ

10

তারিখ 18 JAN 19…

পৃষ্ঠা … 4 কলাম … 1 …

# বদলগাছী উপজেলা প্রাথমিক শিক্ষা বিঘ্নিত

আক্কেলপুর (জয়পুরহাট), ১৬ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।— আদর্শ উপজেলা হিসেবে ঘোষিত বদলগাছী উপজেলায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে চেয়ার, বেঞ্চ, টেবিল, ব্লাকবোর্ড, ডাষ্টার, মানচিত্র প্রভৃতি শিক্ষা উপকরণের অভাবসহ শিক্ষক সংকট রয়েছে। ফলে উপজেলার প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হচ্ছে।

বদলগাছী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে প্রাপ্ত তথ্যে জানা যায়, বর্তমানে এখানে প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৭৫টি। এর মধ্যে ৬৪টি সরকারী, বাকী ১১টি বেসরকারী। বেসরকারী প্রাথমিক বিদ্যালয়গুলো সম্পূর্ণভাবে স্থানীয় জনসাধারণের দানের ওপর নির্ভর করে কোন রকমে টিকে আছে।

১৯৮১ সাল থেকে প্রাথমিক বিদ্যালয়ের রেজিষ্ট্রেশন বন্ধ রয়েছে। গত ১৯৮৬ সালে ২টি প্রাথমিক বিদ্যালয়কে উপজেলা পরিষদ থেকে রেজেষ্ট্রীকৃত পুরোপুরি সরকারীকরণ করতে ঢাকায় অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। স্থানীয় জনসাধারণের উদ্যোগে ও আর্থিক সাহায্যে প্রতিষ্ঠিত কয়েকটি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় আর্থিক সংকটের কারণে বন্ধ হয়ে গেছে।

উপজেলায় ৬৪টি সরকারী ও ১১টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীর সংখ্যা ১৮৫২৫; তার মধ্যে ১০২২০ জন ছাত্র ও ৮২০৫ জন ছাত্রী। ১৩টি পদে দীর্ঘদিন ধরে শিক্ষক নেই। এই ১৩ জনের মধ্যে ৫ জন প্রধান শিক্ষক ও ৮ জন সহকারী শিক্ষক।

উপাজেলার প্রায় দু'লাখ লোকের সন্তানসন্ততির জন্য বর্তমানে চালু প্রাথমিক বিদ্যালয়ের এ সংখ্যা প্রয়োজনের তুলনায় খুবই কম। কাছাকাছি বিদ্যালয় না থাকলে, ইচ্ছা থাকা সত্ত্বেও অনেক ছেলে-মেয়ে লেখাপড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। চালু বিদ্যালয়গুলোও নানা সমস্যায় জর্জরিত। প্রতিটি বিদ্যালয়েই ছাত্রছাত্রীদের স্থান সংকুলান হয় না। আধায়পুর ইউনিয়নের চকবনমালী স্কুলে খোলা আকাশের নীচে চাটাইয়ের ওপর ক্লাস নেয়া হয়। বদলগাছী ইউনিয়নের ভুবনস্কুল ও মথুরাপুর ইউনিয়নের ভগ্নালপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রসংখ্যা বেশী হওয়ায় তীব্র স্থান সংকট রয়েছে। ছাত্রছাত্রীদের বসার বেঞ্চের অভাব প্রায় সর্বত্রই। চেয়ার, টেবিল, আলমারী সহ অন্যান্য আসবাবপত্রও প্রয়োজনের তুলনায় খুবই কম। এছাড়া ব্লাক বোর্ড, চক, ডাষ্টার, মানচিত্র প্রভৃতি শিক্ষা উপকরণের স্বল্পতা রয়েছে। সব কিছু মিলিয়ে আদর্শ উপজেলা বদলগাছীতে প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হচ্ছে।